গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
www.edwardcollege.edu.bd
e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/ ১০৭০

তারিখ: ২৭.১১.২০২৪ খ্রি.

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে পাবনা সরকারি এডওয়ার্ড কলেজে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের ২৬.১১.২০২৪ থেকে ১১.১২.২০২৪ তারিখের মধ্যে On-Line-এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করতে হবে। ডাচ্-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি বাবদ সর্বমোট =১,৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে জমার পে-স্লিপসহ আবেদন ফরমটি প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আগামী ২৬.১১.২০২৪ থেকে ১১.১২.২০২৪ তারিখ বেলা ১.০০ টার মধ্যে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর আবেদন ফরমের রোল নম্বর হবে বিল নম্বর।

### ১। আবেদনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/ প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নুন্যতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগামে আবেদন করতে পারবে।

খ) আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে নূন্যতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে নূন্যতম জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগামে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহন ও উত্তম আচরনের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগনও আবেদন করতে পারবে।

ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

**২। আবেদন ফি :** (আবেদন ফি ৩০০/-, রেজি: ফি ৮০০/-, ব্যবস্থাপনা ফি ৫০/-) এবং ইনকোর্স ফি ৩০০/- মোটঃ = ১,৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ)

### ৩। নির্ধারিত বিষয়:

ক) বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান এবং ব্যবস্থাপনা।

খ) প্রার্থীকে অবশ্যই স্নাতক (পাস)/ সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পঠিত বিষয় থেকে শর্তপূরণ সাপেক্ষে বিষয় নির্বাচন করতে হবে

গ) স্নাতক (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে।

### ৪। আবেদনের নিয়মাবলী :

**ক)** আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters preli. private ) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/ সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120X150 Pixels,Image Type:jpg এবং maximum file size:50kb হতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঘ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/ প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত (যে শিক্ষাবর্ষে হোক না কেন) কোন শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষে " জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/ অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ছ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে A4(8.5*11) অফসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে প্রার্থীকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার সত্যায়িত কপি, আবেদন ফি বাবদ = ১,৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ) টাকার রশিদসহ জমা দিতে হবে।

৫। **প্রয়োজনীয় কাগজপত্র (যা অনলাইন প্রিন্ট কপির সাথে সংযুক্ত করে কমিটির নিকট জমা দিতে হবে):**

ক) স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষা পাশের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি- ১টি করে ।

খ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

গ) অন্য কোন প্রতিষ্ঠানে/কোর্সে ভর্তি সম্পর্কিত অঙ্গিকারনামার সত্যায়িত কপি।

৬) **টাকা প্রদানের নিয়ম ঃ** কলেজের ভর্তি ওয়েবসাইট: hhttps://edwardcollege.eshiksabd.com/ এ প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরবর্তীতে জটিলতা এড়াতে তথ্য সঠিক ভাবে প্রদান করতে হবে। ভর্তি সংক্রান্ত যাবতীয় ফি রকেটে প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার এস এম এস যাবে।

অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

- কলেজের ভর্তির ওয়েবসাইট https://edwardcollege.eshiksabd.com/ এ গিয়ে নিম্নোক্ত User Name ও Password দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে:-
  Username: edwardstudnt, Password: edwardstudent দিয়ে Sign In করতে হবে।
- এরপর Admission এ ক্লিক করে Click for New Admission এ ক্লিক করতে হবে।
- Select Group ক্লিক করে Select Mastars ক্লিক করে, Select Department থেকে যে বিভাগে রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক তা Select করে এবং Check for Admission (জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত ফরম এ উল্লেখিত Admission Roll আছে) ঘর দুটি পূরণ করে Check for Admission এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিদা মোতাবেক তথ্যাদি প্রদান করে বাটন Save ক্লিক করতে হবে।
- ভর্তি ফরমে অবশ্যই সদ্যতোলা ছবি আপলোড দিতে হবে। এই ছবি আইডি কার্ড ও রেজিস্ট্রেশনে ব্যবহার করা হবে। ভর্তি ফি প্রদান করে Application Form Reprint অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ০৩ কপি প্রিন্ট করে ০১ কপি নিজের কাছে রাখতে হবে এবং অন্য ০২ সেট কলেজ অফিসে জমা দিতে হবে। একই সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমের কলেজ কপির ০২ সেট কলেজ অফিসে জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষর
(প্রফেসর মো. আব্দুল আউয়াল মিয়া)
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

২৭.১১.২৪
(জনাব মো. রফিকুল ইসলাম)
সহযোগী অধ্যাপক, আরবী ও ইসলামী শিক্ষা
ও
আহবায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কমিটি- ২০২১-২০২২
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/ ১০৭০(২৬)

তারিখ : ২৭.১১.২০২৪ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-২১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২২। আহবায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কমিটি- ২০২১-২০২২, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৩। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)
২৪। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২৫। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
২৬। অফিস নথি।

২৭.১১.২৪
আহবায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে
রেজিস্ট্রেশন কমিটি- ২০২১-২০২২
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা